



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৯ আগস্ট ২০১৭খ্রি.

সিটি মেয়র এর সাথে ঢাকায় নিযুক্ত ভারতীয় ডেপুটি হাই কমিশনার ড. আদর্শ সোয়াইকা'র সৌজন্য সাক্ষাত

২৯ আগস্ট ২০১৭ খ্রি. মঙ্গলবার, দুপুরে, নগরভবনের মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে ঢাকায় নিযুক্ত ভারতীয় ডেপুটি হাই কমিশনার ড. আদর্শ সোয়াইকা'র সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে তারা উভয় দেশের পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলাপ করেন। এসময় মেয়র চট্টগ্রাম এর ইতিহাস ও ঐতিহ্য এবং গুরুত্ব তুলে ধরেন। সাক্ষাত বৈঠকে ঢাকায় নিযুক্ত ভারতীয় ডেপুটি হাই কমিশনার ড. আদর্শ সোয়াইকা বলেন, বাংলাদেশের সাথে ভারতের অত্যন্ত ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান। বাংলাদেশের এ চট্টগ্রামে এলইডি লাইটিং, বন্দরের বহুবিধ ব্যবহার, থিয়েটার কমপ্লেক্স এবং সাংস্কৃতিক কর্মকান্ড সহ নানা বিষয়ে জি টু জি ভিত্তিতে কার্যক্রম পরিচালনায় আগ্রহী।

চট্টগ্রাম- ২৯ আগস্ট ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্মিত মেরিনার্স রোড ৩১ আগস্ট ২০১৭ খ্রি. সর্ব সাধারণের জন্য খুলে দেয়া হবে

সিটি গভর্নেন্স প্রকল্পের অধীনে জাইকার অর্থায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রায় ১৮ কোটি টাকা ব্যয়ে মেরিনার্স সড়ক ও ৪ টি ব্রিজ নির্মাণ করছে। আসন্ন ঈদুল আযহায় দক্ষিণ চট্টগ্রাম, বান্দরবান ও কক্সবাজার জেলার নাগরিকদের যাতায়াত সুবিধার্থে আগামী ৩১ আগস্ট ২০১৭ খ্রি. নব নির্মিত মেরিনার্স রোড সর্ব সাধারণের জন্য খুলে দেয়া হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর নিজ গাড়ী অত্র সড়কের উপর দিয়ে চালিয়ে উদ্বোধন করবেন।

চট্টগ্রাম- ২৯ আগস্ট ২০১৭ খ্রি.

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের বাণী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে দেশের সকল নাগরিককে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। তিনি এক বাণীতে বলেন, মুসলিম উম্মাহ ত্যাগের মহিমায় উজ্জীবিত হয়ে মহান আল্লাহতালার সন্তুষ্টি লাভের আশায় পশু কোরবানীর মধ্যে দিয়ে আত্মশুদ্ধি অর্জন করে। এই উৎসব সবার মধ্যে সম্প্রীতি ও সৌহার্দ্যের বন্ধনকে আরো সুসংহত করবে বলে প্রত্যাশা করেন। ধর্মীয় ভাবগম্বীর মর্যাদাপূর্ণ পরিবেশে ঈদ-উল আযহা পালিত হোক তিনি এই কামনা করে সকলকে ঈদ মোবারক জানান মেয়র।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা